




অধ্যাপক আলী রীয়াজকে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী পদে নিয়োগ



সংগৃহীত ছবি

অন্তর্বর্তীকালীন সরকার জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজকে উপদেষ্টা পদমর্যাদায় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে নিয়োগ দিয়েছে।

বৃহস্পতিবার (১৩ নভেম্বর) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এই নিয়োগের ঘোষণা দেওয়া হয়। প্রজ্ঞাপনটি স্বাক্ষর করেন মন্ত্রিপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশীদ। প্রজ্ঞাপনে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস অধ্যাপক আলী রীয়াজকে বিশেষ সহকারী পদে নিয়োগ দিয়েছেন। এই পদে থাকাকালীন তিনি উপদেষ্টার পদমর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন।

উল্লেখ্য, জুলাই গণঅভ্যুত্থানের পর থেকে অধ্যাপক আলী রীয়াজ অন্তর্বর্তী সরকারের বিভিন্ন দায়িত্বে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। তিনি প্রথমে সংবিধান সংস্কার কমিশনের প্রধান হিসেবে দায়িত্ব পান, পরে গত ফেব্রুয়ারিতে তাঁকে জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি করা হয়।